**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

মাঘ ০২, ১৪২৮
এফই সার্কুলার নম্বর ০২ তারিখ: --------------------
জানুয়ারি ১৬, ২০২২

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংক।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নম্বর ০৩, তারিখ ফেব্রুয়ারি ০৮, ২০১৮ এর ৫(খ) নম্বর অনুচ্ছেদ এবং এফই সার্কুলার নম্বর ২৯, তারিখ সেপ্টেম্বর ২০, ২০২১ এর ৩ নম্বর অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক মার্কেট প্লেসের মাধ্যমে সফটওয়্যার ও আইটিইএস সেবা রপ্তানির বিপরীতে মা:ড: ৫,০০০.০০ পর্যন্ত রপ্তানি আয় প্রত্যাবাসনের (এক্সচেঞ্জ হাউজ ব্যতীত) ক্ষেত্রে টিটি বার্তার ভাষ্যে আমদানি সংশ্লিষ্ট তথ্য সূত্রের অবর্তমানে অর্থ প্রাপ্তির যথার্থতা নিশ্চিত হয়ে প্রচলিত হারে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রযোজ্য হবে। এক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী পরিপালনীয় হবে :

(ক) আন্তর্জাতিক মার্কেট প্লেসের মাধ্যমে সফটওয়্যার ও আইটিইএস রপ্তানি ও তদবিপরীতে রপ্তানি আয় প্রত্যাবাসন হওয়ার ক্ষেত্রে উক্ত মার্কেট প্লেস তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক স্বীকৃত হতে হবে;

(খ) আন্তর্জাতিক মার্কেট প্লেসের সহায়তায় সফটওয়্যার ও আইটিইএস রপ্তানির নিমিত্ত তাদের সাথে সম্পাদিত চুক্তি/আয়োজন বিষয়ে যথাযথ ডকুমেন্ট থাকতে হবে। ইলেকট্রনিক পদ্ধতিতে আলোচ্য চুক্তি/আয়োজন সম্পাদনের ক্ষেত্রে রপ্তানিকারককে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় সংশ্লিষ্ট ওয়েবলিংক সরবরাহ করতে হবে;

(গ) আন্তর্জাতিক মার্কেট প্লেসের মাধ্যমে সফটওয়্যার ও আইটিইএস রপ্তানি কার্যক্রম পরিচালনা করে মর্মে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনকারীর ঘোষণা গ্রহণ এবং তদানুযায়ী অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে গ্রাহকের কেওয়াইসি/টিপি ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ে ডিউ ডিলিজেন্স সম্পাদন করতে হবে;

(ঘ) আন্তর্জাতিক মার্কেট প্লেসের মাধ্যমে সফটওয়্যার ও আইটিইএস রপ্তানি কার্যক্রম সম্পর্কে ওয়েবলিংকসহ তথ্য সংগ্রহ ও তা অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে যাচাই করে নিশ্চিত হতে হবে; এবং

(ঙ) রপ্তানি আয় বাবদ প্রাপ্ত অর্থের স্বপক্ষে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতকৃত ইনভয়েস/পেমেন্ট কনফার্মেশনগুলোর প্রিন্ট আউট আবেদনপত্রের সাথে দাখিলসহ উক্ত দলিলাদি যাচাইয়ের জন্য প্রয়োজনীয় অডিট ট্রেইল এর ওয়েবলিংক রপ্তানিকারককে অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় সরবরাহ করতে হবে।

০২। সার্কুলার জারির তারিখ থেকে দাখিলকৃত রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনের ক্ষেত্রে আলোচ্য নির্দেশনা প্রযোজ্য হবে।

সংশ্লিষ্ট এফই সার্কুলারের অন্যান্য প্রযোজ্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(কাজী রফিকুল হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১২৩